



বাক্বিতে ছাত্রলীগের দু'গ্রুপের মধ্য হৃদয় সেশীর অস্ত্র হাতে ছাত্রলীগ নেতা-কর্মীরা

-ইনকিলাব

বাক্বিতে ছাত্রলীগের দু'গ্রুপের সংঘর্ষে আহত ১০

□ বাক্বি সংবাদমত

পূর্ব শত্রুতার জের ধরে গতকাল বৃহস্পতিবার বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাক্বি) ছাত্রলীগের সভাপতি ও সাধারণ সম্পাদকের গ্রুপের মধ্যে দফায় দফায় ধাওয়া পাশ্চাৎ ধাওয়া ও সংঘর্ষের ঘটনা ঘটে। এতে উভয় গ্রুপের অন্তত ১০ জন ছাত্রলীগকর্মী আহত হয়েছে। এ ঘটনাকে কেন্দ্র করে ক্যাম্পাসে ছাত্রলীগে দু'গ্রুপের মধ্যে উত্তেজনা বিরাজ করছে। এদিকে সংঘর্ষ চলাকালে বিশ্ববিদ্যালয় প্রশাসন নীরব ছিল বলে অভিযোগ।

৩২ ১২ ক ১ ২

বাক্বিতে ছাত্রলীগের

১৩-এর পৃষ্ঠার পর

পাওয়া গেছে। প্রত্যক্ষদর্শী ও সর্বশেষ সূত্রে জানা যায়, গত বুধবার সন্ধ্যায় সভাপতি গ্রুপের বসবস্তু হলের কিছু ছাত্রলীগের নেতাকর্মীর সাথে সাধারণ সম্পাদক নিয়ন্ত্রিত ইশা বা হলের কিছু ছাত্রের পূর্ব শত্রুতার জেরকে মীমাংসা করতে ক্যাম্পাসের কারাগার-রক্ষিত মাঠে ডাকলে সমঝোতার বদলে দু'গ্রুপের মধ্যে সংঘর্ষ ধরে। এসময় সভাপতি গ্রুপের নেতাকর্মীরা লাঠি নিয়ে সাধারণ সম্পাদক গ্রুপের মুন্সাহাদ, রেহানীছ, হুসিন, মাসুদ, জোবায়ের ও নরনসহ ১০ জনকে বেধড়ক পিটিয়ে আহত করে। পরে আহতদের বিশ্ববিদ্যালয় হেলথ কেন্দ্রের সেটারে প্রাথমিক চিকিৎসা দেয়া হয়। এ ঘটনা সাধারণ সম্পাদক নিয়ন্ত্রিত অন্য এটি হলে ছড়িয়ে পড়লে ওই হলে ছাত্রলীগের নেতাকর্মীরা ইশা বা হলের নেতাকর্মীকে সাথে নিয়ে সভাপতি নিয়ন্ত্রিত কেলসাইনের অপরপার্শ্বের তিনটি হলের ছাত্রলীগ নেতাকর্মীদের ধাওয়া করে। এসময় দু'পক্ষের চরম উত্তেজনার সূত্রি হয় এবং উভয় পক্ষের মধ্যে দফায় দফায় ধাওয়া পাশ্চাৎ ধাওয়ার ঘটনা ঘটে। এদিকে বুধবার রাতের ঘটনাকে কেন্দ্র করে গতকাল (বৃহস্পতিবার) দিনভর উভয় গ্রুপের মধ্যে দফায় দফায় ধাওয়া পাশ্চাৎ ধাওয়া ও বিভিন্ন সংঘর্ষের ঘটনাও ঘটে।

গতকাল বৃহস্পতিবার বেলা ১২টার দিকে বিশ্ববিদ্যালয়ের কঠিন ভবনের সামনে কৃষি অনুষ্ঠানের সেকশন-২ (সেমিনার-১) এর দিককাষী নির্বিড়ের উপর হামলা করে সাধারণ সম্পাদক নিয়ন্ত্রিত ছাত্রলীগের নেতা-কর্মীরা। এই ধরনের বসবস্তু হলে ছড়িয়ে পড়লে ওই হলের নেতা-কর্মীরা পাশ্চাৎ প্রতিপক্ষ নিতে ছাত্রলীগের উপ-দফতর সম্পাদক ও সাধারণ সম্পাদক গ্রুপের জনৈকি বেধড়ক পিটিয়ে আহত করে। এদিকে ছাত্রলীগের সভাপতি গ্রুপের নেতাকর্মীরা হামদা, লাঠি, হস্তশিল্প নিয়ে কেলসাইনের পশ্চিমপার্শ্ব ও জকার মোড়ে অবস্থান করে। অন্যদিকে সাধারণ সম্পাদকের গ্রুপ সমন্বিত ছাত্রলীগ কর্মীরা বিশ্ববিদ্যালয়ের বহীম শামসুদ হক হলের সামনে অবস্থান করে। ওই ঘটনাকে কেন্দ্র করে ক্যাম্পাসে ছাত্রলীগের দু'গ্রুপের মধ্যে উত্তেজনা বিরাজ করছে।

বাক্বি ভারপ্রাপ্ত প্রক্টর-মাসুদুল হোসেন বলেন, ঘটনাটি অস্বাভাবিক এবং সম্পূর্ণ ব্যক্তিগত প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ ঘটনা। এ ঘটনা ঘটে রাজনৈতিক দৃষ্টিকোণ থেকে পড়ার সেন্সে আমরা মনোযোগ রাখি।